"উন্নয়ন ও উত্তরণ
আয়করের অর্জন"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-বরিশাল।
www.tax.barisal.gov.bd

"উন্নয়নের শীর্ষে যাব
যথাযথ আয়কর দিব"

নথি নং-কঅবরি/১ই-৭৪/ অর্গাঃ/২০১৮-২০১৯/ ৬২৫

তারিখ ঃ ০৪/১২/২০১৮খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের স্মারক নং-০৮.০০.০০০০.০৩৭.১১.০২১.০৯.-৮৩৩ তারিখঃ ০৯/০৬/১৪২৫ বাংলা, ২৪/০৯/২০১৮খ্রিঃ এর মাধ্যমে প্রাপ্ত ছাড়পত্র অনুযায়ী কর অঞ্চল-বরিশাল এর শুণ্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক সরাসরি কোটায় জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদ সমূহে শর্তসাপেক্ষে বরিশাল বিভাগের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী গ্রেড ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১	২	৩	৪	৫
০১.	সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, গ্রেড: ১৩, বেতন স্কেল: ১১,০০০ - ২৬,৫৯০	০১টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ৮০ ও ৫০ এবং Word Processing/ Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজীতে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০২.	ব্যক্তিগত সহকারী, গ্রেড: ১৩, বেতন স্কেল: ১১,০০০ -২৬,৫৯০	০১টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ৮০ ও ৫০ এবং Word Processing/ Data Entry/Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজীতে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৩.	প্রধান সহকারী, গ্রেড: ১৩, বেতন স্কেল: ১১,০০০ - ২৬,৫৯০	১০টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উর্ত্তীণ।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৪.	উচ্চমান সহকারী, গ্রেড: ১৪, বেতন স্কেল: ১০,২০০ -২৪,৬৮০	১১টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উর্ত্তীণ।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

০৫.	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, গ্রেড: ১৪, বেতন স্কেল: ১০,২০০ - ২৪,৬৮০	০৪টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) সাঁটলিপিতে ইংরেজী ও বাংলায় প্রতি মিনিট ন্যূনতম গতি যথাক্রমে ৮০ ও ৫০ এবং Word Processing/ Data Entry/ Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজীতে ২৫ ও ৩০ শব্দ থাকতে হবে।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৬.	ডাটা এন্ট্রি অপারেটর/ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, গ্রেড: ১৬, বেতন স্কেল: ৯,৩০০ - ২২,৪৯০	০৬টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে এইচ এস সি পাশ বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ এবং Word Processing/ Data Entry/ Typing ইত্যাদির ক্ষেত্রে সর্বনিম্ন বাংলা ও ইংরেজীতে ২০ ও ২০ শব্দ থাকতে হবে।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৭.	নোটিশ সার্ভার, গ্রেড: ২০, বেতন স্কেল: ৮,২৫০ - ২০,০১০	০২টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৮.	অফিস সহায়ক, গ্রেড: ২০, বেতন স্কেল: ৮,২৫০ - ২০,০১০	০৯টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৯.	নিরাপত্তা প্রহরী, গ্রেড: ২০, বেতন স্কেল: ৮,২৫০ - ২০,০১০	০২টি	(ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	বরিশাল, পটুয়াখালী, পিরোজপুর, বরগুনা, ঝালকাঠী ও ভোলা জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(১) ৩০/১১/২০১৮ খ্রিঃ তারিখে সাধারণ প্রার্থী এবং উপজাতি কোটার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

(২) সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৩) সকল প্রার্থীকে অনলাইনে http://bsltax.teletalk.com.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী ০৯/১২/২০১৮ খ্রিঃ হতে ২৩/১২/২০১৮ খ্রিঃ এর মধ্যে আবেদন করতে হবে। উল্লিখিত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস করে আবেদন ফি জমা দিলে তা প্রত্যাহার করা যাবে না।

(৪) Online আবেদন প্রার্থী তার সদ্য তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৩০০ Pixel), File size maximum 100 kb এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ৮০ Pixel), File size maximum 60 kb এ স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

(৫) যেহেতু Online আবেদন পত্রে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদন পত্র Submit করার পূর্বেই পূরণকৃত তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(৬) প্রার্থী Online পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন।

(৭) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online এ আবেদন পত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মত ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুল ভাবে আবেদনপত্র Submit কারী প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষর যুক্ত Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যেকোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দেবেন। ১-৬ নম্বর ক্রমিকের পদের জন্য ১১২/- (একশত বার) টাকা এবং ৭-৯ নম্বর ক্রমিকের পদের জন্য ৫৬/- (ছাপান্ন) টাকা করে জমা করতে হবে। বিশেষভাবে উল্লেখ্য, আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

প্রথমে SMS: BSLTAX<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BSLTAX ABCDEF

Reply: Applicant's Name TK----------will be charged as application fee. Your PIN is 12345678. To Pay Fee Type BSLTAX <space>Yes<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: BSLTAX <space> Yes <space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

(৮) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bsltax.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/ কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নেবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;

শুধুমাত্র টেলিটক প্রি- পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

ক. User ID জানা থাকলে BSLTAX <space> Help <space>User<space>User ID & Send to 16222.

Example: BSLTAX Help User ABCDEF & Send to 16222.

খ.PIN Number জানা থাকলে BSLTAX <space> Help <space>PIN<space>PIN No & Send to 16222.

Example: BSLTAX Help PIN 12345678 & Send to 16222.

(৯) কর কমিশনারের কার্যালয়, কর অঞ্চল-বরিশাল এর নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্র পূরণের নিয়মাবলী, পরীক্ষার ফি প্রদানের নিয়মাবলী ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য http://bsltax.teletalk.com.bd ওয়েবসাইট এ পাওয়া যাবে।

(১০) যেকোন তথ্য ও কারিগরি সহায়তার জন্য Teletalk Customer Care এ যোগাযোগ অথবা Teletalk মোবাইল থেকে ১২১ নম্বরে ফোন করা যেতে পারে।

(১১) প্রার্থীর যোগ্যতা যাচাই:

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ১-৯) পর্যন্ত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক) টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

১. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্রসহ)

২. প্রার্থী যে ইউনিয়ন/ পৌরসভা-এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

৩. মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবির সমর্থনে প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি।

৪. ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

৫. জাতীয় পরিচয়পত্র/ জন্ম সনদের সত্যায়িত অনুলিপি।

৬. Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy).

৭. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের গত ১৯-০৬-২০১৭ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে জারিকৃত পরিপত্র এবং ১৭-০১-২০১৮ খ্রিঃ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭/২৫ নং স্মারকের জারিকৃত পরিপত্রের নির্দেশনা মোতাবেক মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসাবে চাকরি প্রার্থীকে নিম্নবর্ণিত ছক পূরণ করে এবং ছকে বর্ণিত কাগজপত্রের সত্যায়িত ছায়ালিপি সংযুক্ত করে মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

প্রার্থীর নাম, পিতার নাম ও ঠিকানা	মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা	প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্ক ও উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদ	মুক্তিযোদ্ধার প্রমাণকের বিবরণী	মুক্তিযোদ্ধার জন্ম তারিখ	মন্তব্য
১	২	৩	৪	৫	৬
		(নাতি/নাতনির ক্ষেত্রে ছেলে/ মেয়ে পক্ষ উল্লেখসহ)	১। লাল মুক্তি বার্তা নম্বর। ২। ভারতীয় তালিকা ও খন্ড নম্বর। ৩। গেজেট নম্বর ও তারিখ। ৪। সাময়িক সনদের নম্বর ও তারিখ। ৫। বামুস সনদের নম্বর ও তারিখঃ (ক্রমিক নং ১ ও ২ এ বর্ণিত তালিকায় নাম না থাকলে ৩ নং ক্রমিকে বর্ণিত গেজেটসহ ৪ ও ৫ নং ক্রমিকে বর্ণিত উভয় অথবা যেকোনো একটি প্রমাণ দাখিল করতে হবে)	১। জন্ম নিবন্ধন অনুযায়ী জন্ম তারিখ। ২। জাতীয় পরিচয়ত্র অনুযায়ী জন্ম তারিখ। ৩। এসএসসি সনদ অনুযায়ী জন্ম তারিখ। ৪। জন্ম নিবন্ধন আইন অনুযায়ী সিটি কর্পোরেশন / পৌরসভা/ ইউনিয়ন পরিষদের প্রত্যয়নপত্র অনুযায়ী জন্ম তারিখ।	

১২। বিবিধ।

ক. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য http://bsltax.teletalk.com.bd ও www.tax.barisal.gov.bd ওয়েবসাইটে পাওয়া যাবে।

খ. নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যেকোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩। নিয়োগে সরকারের প্রচলিত বিধি-বিধান ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১৪। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/ বৃদ্ধি/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। লিখিত/ মৌখিক/ ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।

১৬। উপরে উল্লেখ করা হয় নাই এমন কোন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

০৪/১২/২০১৮

(মোঃ আবুল কালাম আজাদ)
সদস্য সচিব
বিভাগীয় নিয়োগ ও পদোন্নতি নির্বাচন কমিটি
ও
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
কর অঞ্চল-বরিশাল।
ফোন-০৪৩১-২১৭৭৭৯০
E-mail: karbarisal@gmail.com

E/HQ Folder\Advertisement